জীবননগরে বীর মুক্তিযোদ্ধা খতিব উদ্দিন কে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার হরিহরনগর গ্রামের বাসিন্দা বীর মুক্তিযোদ্ধা মো. খতিব উদ্দিন ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

সোমবার সকালে হৃদরোগে আক্রান্ত হয়ে তাঁর মৃত্যু হয়। বিকেলে জানাজা শেষে তাঁকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়।

এর আগে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে তাঁকে গার্ড অব অনার দেওয়া দেন জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফুল ইসলাম।

বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান, ইউএনও আরিফুল ইসলামসহ উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডারের সদস্যরা।

চুয়াডাঙ্গায় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সকাল সাড়ে সোমবার ১০টায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইণোভেশন ইউনিটের সার্বিক সহযোগিতায় ও জেলা প্রশাসনের আয়োজনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) আরাফাত রহমান এঁর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে দেশ আরও সামনের দিকে এগিয়ে যাবে। এই সকল উদ্যোগ গুলো দেশের অগ্রযাত্রা ও উদ্ভাবনী উদ্যোগ গুলো বাস্তবায়নে সকলে এক সাথে কাজ করতে হবে। এ সময় তিনি আরও বলেন, এই উদ্ভাবনী উদ্যোগ গুলো ইতিমধ্যে অনেক গুলো বাস্তবায়ন করা হয়েছে। এই উদ্ভাবনী উদ্যোগ গুলো একটি সাথে অন্যটির মিল রেখে তৈরি করা হয়েছে যা দেশের সকল অর্থসামাজিক উন্নয়ন কাজ করবে। এরপর তিনি অনুষ্ঠানের উদ্বোধন করেন ও স্লাইড শো করেন।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্য প্রদান করেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এ সময় তিনি বলেন, জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে কাজ করে যাচ্ছে জাতীয় পিতার কন্যা বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই অগ্রগতি আরও উন্নতি করার জন্য এই সকল উদ্ভাবনী উদ্যোগে আমাদের সকলকে একসাথে কাজ করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত হবেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক,চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন, চুয়াডাঙ্গা সিভিল সার্জন সাজ্জাৎ হোসেন,চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) শারমিন আক্তার, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া,চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ সিদ্দিকুর রহমান সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন প্রতিষ্ঠান আগত প্রতিষ্ঠান প্রধান ও বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি উদ্ভাবনী উদ্যোগ গুলো (১) সবাই জন্য বিদুৎ (২) বিনিয়োগ বিকাশ (৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি
(৪) পরিবেশ সুরক্ষা (৫) কমিউনিটি ক্লিনিক ও শিশু বিকাশ (৬) ডিজিটাল বাংলাদেশ(৭)আমার বাড়ি আমার খামার (৮) শিক্ষা সহায়তা (৯) আশ্রয়ন (১০) নারীর ক্ষমতায়ন

কার্পাসডাঙ্গায় রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন করলেন :চেয়ারম্যান আব্দুল করিম

দামুড়হুদার আরামডাঙ্গা গ্রামের কৃষকদের দীর্ঘদিনের মাঠের রাস্তার দুর্ভোগের অবসান ঘটালেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান করিম বিশ্বাস। রাস্তা না থাকায় চরম দূর্ভোগ পোহাতে হয়েছে ওই গ্রামের কৃষকদের।

আজ রোববার (২৯ মে) বেলা ১২ টার দিকে আরামডাঙ্গা গ্রামের মাঝপাড়া সাত্তার ও মিঠু বাড়ির পাশ থেকে রাস্তা তৈরী কাজের উদ্বোধন করেন তিনি।

উদ্ধোধনী কালে আব্দুল করিম বিশ্বাস বলেন, ‘আরামডাঙ্গা গ্রামের প্রায় এক হাজার বিঘার জমির ফসল বাড়িতে আনতে হলে চাষিদের চরম দূর্ভোগ পোহাতে হয়। এই দুর্ভোগ থেকে পরিত্রাণ পেতে নতুন রাস্তার কাজ শুরু করেছি।

এই রাস্তাটি হলে গ্রামবাসীর মাঠের ফসল বাড়িতে আনতে আর কষ্ট হবে না। দীর্ঘদিন যাবৎ রাস্তা না থাকায় কৃষকদের আনুমানিক এক হাজার বিঘার জমির ফসল ঘরে তুলতে চরম দুর্ভোগ ও আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হতে হয়।

রাস্তা উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়নের ২ নং ওয়ার্ডের মেম্বার বিল্লাল হোসেন, ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মিন্টু আলীসহ আরামডাঙ্গা গ্রামবাসী বৃন্দ।

আমাদের সন্তানদের মুক্তিযুদ্ধের আদর্শে গড়ে তুলতে হবে

দর্শনায় অভিভাবক দিবস পালিত হয়েছে। শনিবার বেলা ১১ টার দিকে দর্শনা অংকুর আদর্শ বিদ্যালয় প্রাঙ্গণে এ অভিভাবক দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহফুজুর রহমান মনজুর সভাপতিত্বে অনুষ্ঠিত অভিভাবক দিবস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক (ডিসি) মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

তিনি বক্তব্যে বলেন, অভিভাবকের দায়িত্ব হচ্ছে সন্তানদের মাঝে আত্মসম্মানবোধ জাগ্রত করা। কারণ আত্মসম্মানবোধ সম্পন্ন মানুষ কখনও কোন অন্যায় করে না। তিনি রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতার উদ্বৃতি দিয়ে বলেন, মানুষই পৃথিবীর একমাত্র প্রাণী যে কিনা জন্ম হতে মৃত্যু পর্যন্ত শুনতে হয় মানুষের মতো মানুষ হতে হবে। কিন্তু অন্য প্রাণীকে সে প্রাণী হওয়ার কথা বলা হয় না। তিনি আরও বলেন, আমাদের সন্তানরা যেন একা একা বেড়ে না উঠে। তারা যেন মানুষের সংস্পর্শ পেয়ে বেড়ে উঠে। তাহলেই তার বিবেক জাগ্রত হবে এবং যোগ্য মানুষ হিসেবে গড়ে উঠবে। আমাদের সন্তানদের মুক্তিযুদ্ধের আদর্শে গড়ে তুলতে হবে।

বিদ্যালয়ের অধ্যক্ষ হাতিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, নির্বাহী ম্যাজিষ্ট্রেট শহিদুল আলম, বিদ্যালয় ম্যানেজিং কমিটির সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, সদস্য জাহাঙ্গীর আলম, খালেকুজ্জামান মধু, দর্শনা কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সহ-সাধারন সম্পাদক খবির উদ্দিন।

এছাড়া আরও উপস্থিত ছিলেন, দর্শনা পৌর ৬নং ওয়ার্ড আ.লীগের সভাপতি সোলায়মান হক, দামুড়হুদা উপজেলা যুবলীগের সহ-সভাপতি মামুন শাহ, দর্শনা পৌর কৃষকলীগের আহব্বায়ক ও পৌর ৪নং ওয়ার্ড কাউন্সিলর

মনির সর্দার প্রমুখ।

ক্যান্সারে আক্রান্ত আয়শার পাশে “ভালোবাসার বন্ধন দর্শনা”

ছোট্র একটা সংগঠন নাম তার ভালবাসার বন্ধন দর্শনা এই ছোট্র সংগঠনটি ধীরে ধীরে মানুষের মন জয় করে ফেলেছে ইতিমধ্যে।

সংগঠনটি অসহায় ও ক্যান্সার আক্রান্ত ও হত দরিদ্রদের মাঝে খাদ্য সামগ্রী সহ অসহায় মেয়ের বিবাহ সব ধরনের সহযোগীতার হাত বাড়িয়ে দিচ্ছে সংগঠনটি।

শনিবার বেলা ১১ টার দিকে দর্শনা পুরাতন বাজারে ভালবাসার বন্ধন দর্শনার সংগঠনের সদস্যরা উপস্থিত হয়ে অসহায় বাবার হাতে নগদ অর্থ তুলে দেন ভালবাসার বন্ধন দর্শনা।

দর্শনা থানার পারকৃষ্ণপুর গ্রামের জাহাঙ্গীরের ছোট্ট মেয়ে আয়শা ক্যান্সারজনিত রোগে আক্রান্ত হয়ে পড়ে আছে বিছানায়। চিকিৎসার অভাবে মেয়েটি কাতরাচ্ছে বিছানায়। ঠিক তখনই চিকিৎসার সহায়তায় হাত বাড়িয়ে এগিয়ে আসলেন ভালবাসার বন্ধন দর্শনা’র সদস্যরা।

এ সময় উপস্থিত ছিলেন ভালবাসার বন্ধন দর্শনার পরিচালক আরিফ তরফদার, উপদেষ্টা এস এ এম কিবরিয়া আজম, সাধারণ সম্পাদক মিয়া নুরনবী সুমন, সাংগঠনিক সম্পাদক আয়নাল হক, দপ্তর সম্পাদক আসহাবুল আলম, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা: ফাতেম, নির্বাহী সদস্য আমিনুর রহমানসহ দর্শনা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন প্রমুখ।

দর্শনা থানা পুলিশের অভিযানে ভারতীয় থ্রী পিচসহ ১ জন গ্রেফতার

দর্শনায় চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ভারতীয় থ্রিপিচ সহ এক চোরাকারবারীকে গ্রেফতার করা হয়েছে।

শুক্রবার দুপুরে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নির্দেশে দুপুর সোয়া ১২টার দিকে থানার এসআই আহম্মেদ আলী বিশ্বাস, এসআই হারুন অর রশিদ সহ সঙ্গীয় অফিসার ও ফোর্স নিয়ে চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের হল্ট স্টেশন টাওয়ার পাড়ায়।

এসময় উক্ত পাড়ার জনৈক আবেদা বেগমের বাড়ীর পার্শ্বের বাঁশ বাগানের নীচ হতে ৭২ পিচ ভারতীয় থ্রী-পিচ সহ গ্রেফতার করা হয় জসীম উদ্দিন
(৩২) নামের এক জনকে। সে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার বন্ডবিল এলাকার আজগর আলীর ছেলে।

সে দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের হল্ট স্টেশন পাড়ার মাসুম মিয়ার বাড়ির ভাড়াটিয়া। এ ব্যাপারে দর্শনা থানায় একটি মামলা রুজু করেছে পুলিশ।

কার্পাসডাঙ্গা পুলিশের অভিযানে ৫১ পিস ইয়াবাসহ আটক-১

কার্পাসডাঙ্গায় মাদক বিরোধী অভিযানে অবৈধ মাদকদ্রব্য ৫১ পিস ইয়াবা ট্যাবলেটসহ হাতেনাতে তারিক (৪৫) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করে কার্পাসডাঙ্গা ফাঁড়ি পুলিশ।

শুক্রবার রাত সাড়ে ৮ টার দিকে দামুড়হুদা থানাধীন কার্পাসডাঙ্গা পশ্চিম পাড়া গ্রাম জনৈক জামাল খাবলির বাড়ির সামনে রাস্তার উপর

থেকে মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫১ পিস ইয়াবা ট্যাবলেটসহ তারিককে আটক পুলিশ।

পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম বিপি এম-সেবা এর সার্বিক দিক নির্দেশনায় এবং অফিসার ইনচার্জ দামুড়হুদা মডেল থানা ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে গোপন সংবাদের ভিক্তিতে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ি ইনচার্জ এস,আই মোঃ আতিকুর রহমান জুয়েল, এএসআই মোঃ মসলেম উদ্দিন সংগীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটককৃত তারিক কার্পাসডাঙ্গা ইউনিয়নের আরামডাঙ্গা গ্রামের মৃত আমির আলীর ছেলে। আটককৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা করা হয়েছে বলে জানায় পুলিশ।

মাদক বিরোধী সফল অভিযান পরিচালনা করায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদসহ থানার সকল পুলিশ সদস্যকে সাধুবাদ জানিয়েছেন এলাকাবাসীসহ সচেতন মহল।

আলমডাঙ্গায় কলেজ প্রাঙ্গণে হেরোইন সেবন, যুবকের জেল-জরিমানা

আলমডাঙ্গায় মাদক সেবনের অপরাধে গাউসুল কাউনাইন সুষম (৩৮) নামে এক যুবককে এক বছর বিনাশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে হারদি এমএস জোহা কলেজ মাঠে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন আলমডাঙ্গা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ। সাজাপ্রাপ্ত গাউসুল কাউনাইন সুষম আলমডাঙ্গা শহরের বাবুপাড়ার মৃত হিলু কাউনাইনের ছেলে।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা যায়, বৃহস্পতিবার দুপুরে হারদি এমএস জোহা কলেজ মাঠে অভিযান চালায় ওসমানপুর ক্যাম্প পুলিশের উপ-সহকারী পরিদর্শক আনোয়ার হোসেন।

এসময় মাদক সেবনের সময় সরঞ্জামসহ আটক করা হয় গাউসুল কাউনাইন সুষমকে। পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে গাউসুল কাউনাইন সুষমকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক রেজওয়ানা নাহিদ বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ২০১৮ এর আইনে মাদকসেবনের দায়ে যুবককে এক বছরের বিনাশ্রম কারান্ড ও ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

দর্শনা থানা পুলিশের বিশেষ অভিযানে মাদক ও ওয়ারেন্টভুক্ত সহ ১৩ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে ওয়ারেন্টভুক্ত আসামী ও দুই কেজি গাঁজাসহ মোট ১৩ জনকে গ্রেফতার করেছে।

জানা গেছে গত মঙ্গলবার রাতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে এসআই আহম্মেদ বিশ্বাস, এসআই সুমন্ত বিশ্বাস, এসআই সামীমসহ এএসআই মারুফ, এএসআই সিদ্দিক, গোপন সংবাদের ভিত্তিতে বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এজাহারভুক্ত আসামী ৯ জন ও মাদক সেবন করার অপারাধে ৩ জন ও দুই কেজি গাঁজাসহ মোট ১৩ জনকে গ্রেফতার করে।

দিনভর অভিযান চালিয়ে বিভিন্ন এলাকা থেকে তাদেরকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত হলো দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের সোনা মিয়ার ছেলে মন্টু আলী (৩০), দর্শনা রামনগর কালিদাসপুর গ্রামের শ্রী কান্তদাসের ছেলে সুমন দাস (৩২), দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়ীয়া তামালতলা পাড়ার রেজাউল হকের ছেলে তুহিন ইসলাম (২৩), ও একই পাড়ার ডালিম শাহ’র ছেলে শুভ (২২), দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের সুলতানপুর গ্রামের সোলায়মান মন্ডলের ছেলে আশরাফ আলী (৩৬),দর্শনা ইসলাম বাজার পাড়ার আলীর ছেলে আরিফুল ইসলাম জনি (২৪), দর্শনা করিমপুর পাড়ার জামাত আলীর ছেলে

সালা উদ্দিন (৪০),পাড়ার হযরত আলীর ছেলে ঝন্টু (৩৫) কুড়ালগাছি ইউনিয়নের কুড়ালগাছি গ্রামের আঃ গনি ছেলে আঃ হামিদ (২৮), চন্ডিপুর গ্রামের আঃ হামিদের মেয়ে খুরশিদা (৪০), বেগমপুর পাড়ার হযরত আলীর ছেলে সুলতান (২৭), দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের শৈলমারী গ্রামের এরেং আলীর ছেলে ফরজ আলী (৪৫) কে গ্রেফতার করে।

গতকাল মঙ্গলবার ২ টার দিকে দর্শনা থানা পুলিশ ২ কেজি গাজাসহ নাস্তিপুর গ্রামের আঃ মোমিনের ছেলে গাজা ব্যাবসায়ী রাজু আহম্মেদ
(৩২) কে গ্রেফতার করে।

চুয়াডাঙ্গায় প্রেমিকাকে ভিডিও কলে রেখে যুবকের আত্মহত্যা

চুয়াডাঙ্গা জেলা সদরের পৌর এলাকায় প্রেমিকাকে ভিডিও কলে রেখে ফজলে রাব্বি সোলাইমান (২৪) নামে এক কলেজ শিক্ষার্থী আত্মহত্যা করেছেন। বুধবার (২৪ মে) রাত ২টার দিকে ঘটনাটি ঘটে।

পরিবারের সদস্যরা জানায়, রাত ২টার দিকে অজ্ঞাত এক নারী আমাদের ফোন করে জানায় রাব্বি ফাঁস দিয়েছে, তাড়াতাড়ি তার ঘরে যান। আমরা গিয়ে দেখি দরজা বন্ধ। প্রতিবেশীদের সহযোগিতায় দরজা ভেঙে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। পরে জানতে পারি, প্রেমিকার সঙ্গে মনোমালিন্যের কারণে আত্মহত্যা করে রাব্বি।

স্থানীয়রা জানায়, রাব্বি খুব ধার্মিক প্রকৃতির ছেলে ছিল। সপ্তাহে দুদিন রোজা রাখত। মঙ্গলবারও রোজা রেখেছিল। আমরা আগে কখনো শুনিনি কোনো মেয়ের সঙ্গে তার সম্পর্ক আছে।

ফজলে রাব্বি চুয়াডাঙ্গা সদর উপজেলার বোয়ালমারি গ্রামের টুলু মিয়ার ছেলে। তিনি চুয়াডাঙ্গা সরকারি কলেজের অনার্স তৃতীয় বর্ষের ছাত্র ছিলেন। পাশাপাশি বেসরকারি স্বাস্থ্যসেবা কেন্দ্র সনো সেন্টারে এক্সরে বিভাগে কর্মরত ছিলেন। তিন ভাইয়ের মধ্যে ফজলে রাব্বি সবার ছোট।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সোহরাব হোসেন জানান তিনি, রাত ২টার দিকে ফজলে রাব্বি নামে ওই যুববকে হাসপাতালে নিয়ে আসে পরিবারের সদস্যরা। পরীক্ষা-নিরীক্ষার পর তাকে মৃত ঘোষণা করা হয়। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়। মরদেহ হিমঘরে রাখা হয়েছে। সংশ্লিষ্ট থানায় জানানো হবে